লাতভিয়া

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নিয়ম সম্পর্কে তোমার যা জানা দরকার

টাইপ এ

## আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী




BENGALI

# বিষয়বস্তু


তোমাকে এই পুস্তিকাটি দেওয়া হচ্ছে কেন? 3

আন্তর্জাতিক সুরক্ষা কী এবং কারা এটি পেতে পারে? 3

আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নীতি কী? 4

স্থানান্তর কী? 5

কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে সেই সিদ্ধান্তের জন্য অপেক্ষা করার সময় তোমার অধিকার 6

কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে সেই সিদ্ধান্তের জন্য অপেক্ষা করার সময় তোমার কোথায় থাকা ভালো হবে? 8

এই প্রক্রিয়াতে তোমার কাছ থেকে কী আশা করা হচ্ছে? 8

কোন নথিগুলি তোমাকে দেখাতে হবে? 9

কেন তুমি নিজের আঙুলের ছাপ এবং ছবি দিতে বাধ্য? 10

তুমি যদি তোমার বাধ্যবাধকতা পূরণ না করো তাহলে তার পরিণতি কি হবে? 11

ডিটেনশন মানে কী? 12

কর্তৃপক্ষ কীভাবে সিদ্ধান্ত নেবেন কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে? 13

কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে তা বোঝার জন্য তোমার সাক্ষাৎকার নেওয়া হতে পারে 16

সাক্ষাৎকার কি সব সময় নেওয়া হয়? 18

অন্য EU+ দেশে তোমার পরিবার আছে তা প্রমাণ করার জন্য তুমি কী প্রমাণ দিতে পারো? 19

কতক্ষণ লাগবে? 20

তুমি যদি ইতিমধ্যে অন্য EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করে থাকো। 21

সিদ্ধান্ত নেওয়ার পরে কী হবে? 22

আপিল পদ্ধতি সম্পর্কে তোমার যা জানা দরকার (যখন সম্মিলিত সাসপেনসিভ এফেক্ট এবং সাবস্ট্যান্টিভ আপিল থাকে) 24

কী কী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে? 25

তোমার ব্যক্তিগত তথ্যের ক্ষেত্রে তোমার অধিকার কী থাকবে? 25

## তোমাকে এই পুস্তিকাটি দেওয়া হচ্ছে কেন?

তুমি 31টি EU+ দেশের মধ্যে একটিতে আন্তর্জাতিক সুরক্ষা (এছাড়াও অ্যাসাইলাম নামে পরিচিত) চেয়েছো। এর মানে তুমি এখন আন্তর্জাতিক সুরক্ষার জন্য একজন আবেদনকারী। এটা হতে পারে যে অন্য EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত। তুমি এখন সেই সিদ্ধান্তের জন্য অপেক্ষা করছো।

EU+ দেশগুলি কীভাবে সহযোগিতা করে তা বোঝা গুরুত্বপূর্ণ কারণ এটি কোন দেশ তোমার আবেদন পরীক্ষা করবে তা প্রভাবিত করতে পারে।

তুমি সব প্রয়োজনীয় তথ্য এই পুস্তিকায় পাবে।

## আন্তর্জাতিক সুরক্ষা কী এবং কারা এটি পেতে পারে?



যদি তুমি নিপীড়নের আশঙ্কায় অথবা গুরুতর ক্ষতির ঝুঁকির সম্মুখীন হওয়ার কারণে তোমার দেশে ফিরে যেতে না পারো, তাহলে তোমার আন্তর্জাতিক সুরক্ষার প্রয়োজন হতে পারে। এর মানে হল, উদাহরণস্বরূপ, তোমার জীবন বা স্বাধীনতা বিপদে পড়বে এবং তোমার দেশের কর্তৃপক্ষ তোমাকে যে বিপদের মুখোমুখি হতে হবে তা থেকে তোমাকে রক্ষা করবে না।

তুমি একটি পৃথক পুস্তিকায় আন্তর্জাতিক সুরক্ষা সম্পর্কে আরও তথ্য পাবে।

**আপনি এখন লাতভিয়াতে আছেন যেটি একটি EU+ দেশ।**

**EU+ দেশগুলি হল:**

- ইউরোপীয় ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রিস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, বুলগেরিয়া, মাল্টা, রোমানিয়া, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং
- অন্য 4টি দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন এবং সুইজারল্যান্ড।

# আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নীতি কী?




EU+ দেশগুলি আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ (AMMR) নামে একটি সাধারণ আইন মেনে চলতে সম্মত হয়েছে। এই আইন আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন পরীক্ষা করার জন্য কোন দেশ দায়ী তা নির্ধারণ করতে সাহায্য করে। এই আইন দ্বারা EU+ দেশগুলি একে অপরকে সাহায্য করে যদি একটি দেশ একই সময়ে বহু আবেদন জমা পরে।

তোমাকে নিশ্চয়তা দেওয়া হয় যে EU+ দেশগুলির মধ্যে একটি তোমার আবেদন পরীক্ষা করবে কিন্তু কোন EU+ দেশ এটি করবে তা তুমি বেছে নিতে পারবে না। কোন দেশ তোমার আবেদন পরীক্ষা করবে তা AMMR এর আইনের নিয়ম অনুযায়ী ঠিক করা হবে।

যদি এই ব্রোশিওর/পুস্তিকা এর কিছু বোঝা না যায়, তুমি একজন ইমিগ্রেশন/অভিবাসন অফিসারের কাছে জিজ্ঞেস করতে পারো।



এই সময়ে, EU+ দেশগুলি শুধুমাত্র সিদ্ধান্ত নিচ্ছে তাদের মধ্যে কে তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়ী।

যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে অন্য একটি EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়ী, তাহলে তোমাকে সেই দেশে স্থানান্তর করা হবে।

## স্থানান্তর কি?



ইউরোপীয় দেশগুলি একে অপরকে সাহায্য করতে পারে এমন একটি উপায় হল দায়িত্ব নেওয়া:

- আবেদনকারীরা বর্তমানে অন্য ইউরোপীয় দেশে বসবাস করছে
- যারা সম্প্রতি অন্য কোনও ইউরোপীয় দেশে আন্তর্জাতিক সুরক্ষা পেয়েছেন।

এটি স্থানান্তর হিসাবে পরিচিত।

যদি তোমাকে স্থানান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে তুমি সেই প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য সম্বলিত একটি পুস্তিকা পাবে যার মধ্যে দেওয়া থাকবে কোন কোন ইউরোপীয় দেশ স্থানান্তরে অংশগ্রহণ করে আর যেটির শিরোনাম হবে '**স্থানান্তর সম্পর্কে তোমার কী জানা দরকার**'।

**গুরুত্বপূর্ণ!** তুমি যদি স্থানান্তরের জন্য নির্বাচিত হও তবে তুমি কোন দেশে স্থানান্তরিত হবে তা নির্বাচন করতে পারবে না।

# কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে সে বিষয়ে সিদ্ধান্তের জন্য অপেক্ষা করার সময় তোমার অধিকার



তুমি যদি প্রথমবারের মতো আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করো, তাহলে তোমার বিনামূল্যে **আইনি পরামর্শ** পাওয়ার অধিকার রয়েছে। তুমি যে কোনো সময়ে কর্তৃপক্ষের কাছে এটি চাইতে পারো।

আইনি পরামর্শদাতা তোমাকে তোমার অধিকার সম্পর্কে অবহিত করবে এবং পদ্ধতি চলাকালীন তোমাকে সাহায্য করবে। তুমি যদি ইতিমধ্যে একজন আইনি উপদেষ্টা নিয়োগের জন্য অর্থ প্রদান করে থাকো, তাহলে কর্তৃপক্ষ তোমাকে বিনামূল্যে আইনি পরামর্শ প্রদান নাও করতে পারে। দলগত ভাবে আইনি পরামর্শ দেওয়া হতে পারে কিন্তু উপদেষ্টা তোমার ব্যক্তিগত তথ্য অন্য কাউকে জানাবেন না।

আপনি স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের থেকে আইনি পরামর্শ পাওয়ার অনুরোধও করতে পারেন।



নিজের পরিস্থিতি সম্পর্কে কথা বলা যদি তোমার পক্ষে সহজ না হয়, তাহলে প্রয়োজনে তুমি একজন পুরুষ বা মহিলা দোভাষী এবং কেস অফিসারের সাহায্য চাইতে পারো। কর্তৃপক্ষ যেখানে সম্ভব তোমার ইচ্ছাকে সম্মান দেবে।



তোমার এই অধিকারও আছে যে তুমি জানতে পারো, ঠিক কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে সেই সিদ্ধান্তের প্রক্রিয়া কেমন চলছে। যদি আপনি কোনো আপডেট দিতে চান, তাহলে আপনার মামলায় সিদ্ধান্ত না জানানো পর্যন্ত উক্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পারেন।




আশ্রয় প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে তোমার জাতিসংঘের শরণার্থী সংস্থা (UNHCR)-এর সাথে যোগাযোগ করার এবং আলোচনা করার অধিকার রয়েছে।

UNHCR আশ্রয়প্রার্থী এবং উদ্বাস্তুদের স্বার্থ এবং অধিকার রক্ষা করে।

UNHCR -এর সাথে যোগাযোগের বিশদ বিবরণ এবং আশ্রয় প্রক্রিয়া সম্পর্কিত তথ্য UNHCR ওয়েবপৃষ্ঠা https://help.unhcr.org/এ পাওয়া যাবে।

**তুমি একটি পৃথক পুস্তিকায় অভ্যর্থনা সহায়তা এবং পরিষেবাগুলি সম্পর্কে আরও তথ্য পেতে পারো।**

## কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে সে বিষয়ে সিদ্ধান্তের জন্য অপেক্ষা করার সময় তোমার কোথায় থাকা ভালো হবে?



- এ সময়ের জন্য তোমাকে এই দেশে থাকতে হবে।
- তুমি শুধুমাত্র অন্য EU+ দেশে ভ্রমণের অনুমতি পাবে যদি কখনও কর্তৃপক্ষ তোমাকে অনুমতি দেয়।
- যদি কর্তৃপক্ষ ঠিক করেন যে অন্য কোনো EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে, তাহলে কর্তৃপক্ষ সেই দেশে তোমার যাওয়ার আয়োজন করবে।

## এই প্রক্রিয়ায় তোমার থেকে কী আশা করা হচ্ছে?

তোমাকে অবশ্যই করতে হবে:

- ✔ তোমার আবেদন নিবন্ধিত থাকাকালীন এই দেশেই থাকো।
- ✔ যদি তোমাকে অতীতে ভিসা বা রেসিডেন্স পারমিট প্রদান করা হয়ে থাকে, তবে তুমি সেখানে পৌঁছানোর পরে যে দেশ তোমাকে এটি জারি করেছে সেখানে আশ্রয়ের জন্য আবেদন করো।
- ✔ তোমার সব পরিচয় সংক্রান্ত নথি দেখাতে হবে নিজের পরিচয় প্রমাণ করার জন্য। যদি তোমার কাছে আগে কোনো পরিচয়পত্র থেকে থাকে কিন্তু তা বর্তমানে আর তোমার কাছে না থাকে, তবুও কর্তৃপক্ষকে জানানো উচিত যে তোমার দেশের সরকার তোমাকে অতীতে একটি পরিচয়পত্র দিয়েছিলেন।
- ✔ কর্তৃপক্ষকে জানাও তুমি কখনো অন্য কোনো EU+ দেশে গেছো কিনা।
- ✔ কর্তৃপক্ষকে জানাও যদি তুমি কোনো EU+ দেশে অনুমতি ছাড়া বাস করে থাকো।
- ✔ কর্তৃপক্ষকে জানাও যদি তুমি কোনো EU+ দেশে অনুমতি ছাড়া বাস করে থাকো।

**গুরুত্বপূর্ণ!** আইনত তোমার নিজের আঙুলের ছাপ দেওয়ার এবং ছবি তুলতে দেওয়ার বাধ্যবাধকতা রয়েছে।

## কোন নথিগুলি তোমাকে দেখাতে হবে?

তোমার কাছে থাকা সমস্ত নথি কর্তৃপক্ষকে দেখাও:




- তোমার পরিচয় (জন্ম সনদ, পাসপোর্ট, পরিচয়পত্র)



- EU+ দেশগুলিতে বসবাসকারী নিকটাত্মীয়রা (সরকারি নথি, তাদের সাথে যোগাযোগের প্রমাণ)




- EU+ দেশগুলিতে পূর্ববর্তী অবস্থান (আবাসিক অনুমতি, ভিসা বা স্কুল বা বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা প্রাপ্তির ভিত্তিতে)।

যত তাড়াতাড়ি সম্ভব এই তথ্য প্রদান করো। এইভাবে, তোমার আবেদনের জন্য দায়িত্বপ্রাপ্ত EU+ দেশটি দ্রুত শনাক্ত করা যাবে।

## তোমার আঙ্গুলের ছাপ এবং ছবি দিতে কেন বাধ্য করা হবে?



এই দেশের কর্তৃপক্ষ তোমার আঙ্গুলের ছাপ এবং ছবি নেবেন। এই তথ্য, তোমার পরিচয় সম্পর্কিত তথ্য এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যের সাথে মিলে, ইউরোড্যাক নামে একটি শেয়ার করা ইউরোপীয় ডাটাবেসে পাঠানো হবে।

এই ডাটাবেসটি সব 31টি EU+ দেশ ব্যবহার করে, যারা তোমার তথ্য প্রক্রিয়াকরণ করার জন্য পুনুরুদ্ধার করতে পারে । যদি তুমি অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাও এবং তোমার আঙ্গুলের ছাপ আবার নেওয়া হয়, ইউরোড্যাক-এ সংরক্ষিত তোমার সব তথ্য সেই দেশের কর্তৃপক্ষ দেখতে পারবে।

ইউরোড্যাক ডাটাবেস সম্পর্কে আরও তথ্য একটি আলাদা পুস্তিকাতে দেওয়া আছে।



## তুমি যদি কখনও তোমার বাধ্যবাধকতা পূরণ না করো তাহলে ফলাফল কী হবে?



তুমি যদি কর্তৃপক্ষের সাথে সহযোগিতা না করো, তাহলে তোমার আবেদনের উপর তার নেতিবাচক প্রভাব পড়বে।

যদি তুমি নিজের আঙুলের ছাপ না দাও, তাহলে কর্তৃপক্ষ এই সিদ্ধান্তে আসতে পারেন যে তুমি আর ইউরোপে আশ্রয় লাভের জন্য আগ্রহী নও। তারা তোমার আবেদন পরীক্ষা করা বন্ধ করবে, যার অর্থ হবে তোমার আর সেই দেশে থাকার অধিকার থাকবে না।

যদি তুমি অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাও বা অন্য কোনো EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করো, তাহলে সম্ভবত তোমাকে সেই EU+ দেশে ফেরত পাঠানো হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত ।




যদি তুমি এমন কোনো EU+ দেশে থাকো যেখানে থাকার প্রয়োজন নেই, তোমার স্বাধীনতা সীমিত হতে পারে এবং তুমি কম সহায়তা পেতে পারো।

# ডিটেনশন মানে কী?

ডিটেনশন মানে তুমি এমন একটি স্থানে রাখা হয় যেখানে তুমি স্বাধীনভাবে বের হতে পারো না। কর্তৃপক্ষের কাছে তোমাকে আটক করার বৈধ কারণ থাকতে হবে। তাদের নিশ্চিত হতে হবে যে তোমার ক্ষেত্রে অন্য কোনো বিকল্প সম্ভব নয়। কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেওয়ার আগে তোমার ব্যক্তিগত পরিস্থিতির মূল্যায়ন করবে। এইসব আটকের কারণ হতে পারে, যেমন:



- তোমার আশ্রয় প্রার্থনার আবেদনের গুরুত্বপূর্ণ দিকসমূহ (যেমন তোমার পরিচয়) যা আটক করা ছাড়া যাচাই করা যায় না
- তুমি নির্দিষ্ট জায়গায় থাকার নিয়ম মানো নি, আর আবার কোথাও চলে যাওয়ার ঝুঁকি আছে এবং কর্তৃপক্ষ তোমার সাথে যোগাযোগ করতে পারছে না
- তোমাকে EU+ আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত দেশে স্থানান্তর করার সিদ্ধান্ত দেওয়া হয়েছে এবং স্থানান্তরের আগে কোথাও চলে যাওয়ার ঝুঁকি আছে
- তুমি নিরাপত্তাজনিত ঝুঁকি সৃষ্টি করেছো ।

যদি তোমাকে আটক করা হয়, তাহলে তুমি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারো এবং বিনামূল্যে আইনি সহায়তা ও প্রতিনিধি পেতে পারো।

❗ **গুরুত্বপূর্ণ!** তুমি যদি অনুমতি ছাড়া অন্য EU+ দেশে যাও, তাহলে ভবিষ্যতে তোমার আটক থাকার ঝুঁকি বেড়ে যাবে।

## কর্তৃপক্ষ কীভাবে সিদ্ধান্ত নেয় কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে?

যদি এটি কোনো EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য তোমার করা প্রথম আবেদন হয়, তাহলে তোমার আবেদন পরীক্ষা করার জন্য কোন নির্দিষ্ট EU+ দেশ দায়িত্বপ্রাপ্ত হতে পারে সেটি নির্ধারণ করার বেশ কয়েকটি কারণ থাকে।

### 1) পারিবারিক বন্ধন



প্রথম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ হল, তোমার পরিবারের কোনো নিকটাত্মীয় ইতিমধ্যেই আন্তর্জাতিক সুরক্ষা পেয়েছেন অথবা বর্তমানে অন্য একটি EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করছেন, এবং আন্তর্জাতিক সুরক্ষার জন্য তোমার করা আবেদন পরীক্ষা করার আগে তোমাকে তাদের সাথে পুনরায় মিলিত হতে হবে।

পরিবারের নিকটাত্মীয়দের বিবেচনা করা হয়:

- তোমার স্বামী বা স্ত্রী
- তোমার অবিবাহিত সঙ্গী যার সাথে তোমার একটি স্থিতিশীল সম্পর্ক রয়েছে
- তোমার সন্তান (18 বছরের কম বয়সী এবং অবিবাহিত)।

**গুরুত্বপূর্ণ!** তুমি যত তাড়াতাড়ি সম্ভব প্রমাণ করতে সক্ষম হবে যে তুমি EU+ দেশগুলির সীমায় প্রবেশ করার আগে সেই ব্যক্তির সাথে তোমার সম্পর্ক ছিল। এই সময়কাল তোমার নিজের দেশ থেকে যাত্রা শুরুকে অন্তর্ভুক্ত করতে পারে।

যদি তোমার পরিবারের কোনো সদস্য অন্য EU+ দেশে বসবাস করে, তথ্য প্রদানের সর্বোত্তম উপায় হল **'ফ্যামিলি ট্রেসিং টেমপ্লেট'** নামক ফর্মটি পূরণ করা। যদি তোমার পরিবারের কোনো সদস্য অন্য EU+ দেশে থাকে এবং তুমি এই ফর্মটি না পাও, তাহলে একজন অফিসার বা তোমার আইনি পরামর্শদাতার সাথে কথা বলো। তারা তোমাকে ফর্ম পূরণ করতে সাহায্য করতে পারে।

পরিবারের সদস্যদের সাথে পুনর্মিলনের সম্ভাবনা সম্পর্কে আরও বিস্তারিত তথ্য তুমি **'অন্য EU+ দেশে তোমার পরিবার আছে তা প্রমাণ করার জন্য কী প্রমাণ দিতে পারো?'** শিরোনামের বিভাগে পেতে পারো।

## 2) একটি নির্দিষ্ট EU+ দেশে প্রবেশের অনুমতি

একটি EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত হতে পারে যদি:




- তোমার একটি নির্দিষ্ট EU+ দেশে ভিসা বা বসবাসের অনুমতি থাকে
- তুমি এমন একটি EU+ দেশে প্রবেশ করে থাকো যেখানে তোমাকে ভিসা ছাড়াই প্রবেশের অনুমতি দেওয়া হয়েছিল কারণ তোমার দেশের সাথে সেই দেশের একটি চুক্তি রয়েছে।

## 3) শিক্ষাগত যোগ্যতা বা ডিপ্লোমা



- EU+ দেশের কোনো শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে এক শিক্ষাবর্ষের জন্য ব্যক্তিগতভাবে অধ্যয়ন করার পরে তোমাকে একটি শিক্ষাগত যোগ্যতা বা ডিপ্লোমা প্রদান করা হলে।

## 4) একটি নির্দিষ্ট EU+ দেশে অনিয়মিত প্রবেশ

অন্য EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত হতে পারে যদি:



- তুমি অনুমতি ছাড়াই EU+ দেশের একটির বাহ্যিক সীমানা অতিক্রম করে থাকো



- ইউরোপে যাত্রা করার সময় তোমাকে একটি থাকো EU+ দেশের কর্তৃপক্ষ সমুদ্র থেকে উদ্ধার করলে



- তুমি EU+ দেশের একটিতে বিমানবন্দরের ট্রানজিট জোনে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করলে।

## 5) একজন পরিচর্যাকারী এবং নির্ভরশীল পরিবারের সদস্যের পুনর্মিলন

তুমি পরিবারের এমন একজন সদস্যের পরিচর্যার উপর নির্ভরশীল যিনি অন্য EU+ দেশে আছেন বা তোমার পরিবারের এমন একজন সদস্য EU+ দেশে আছেন যিনি তোমার যত্নের উপর নির্ভর করেন।



নির্ভরশীল পরিবারের সদস্যকে সাহায্যের প্রয়োজন হতে পারে, কারণ:

- গর্ভাবস্থা
- একটি নবজাতক সন্তান থাকা
- গুরুতর মানসিক বা শারীরিক অসুস্থতা
- গুরুতর অক্ষমতা
- গুরুতর মানসিক আঘাত
- বৃদ্ধ বয়স

নির্ভরতার ক্ষেত্রে, তোমাকে অবশ্যই দেখাতে হবে যে তুমি নির্ভরশীল ব্যক্তির যত্ন নিতে সক্ষম বা তোমার পরিবারের সদস্য তোমার যত্ন নিতে সক্ষম।

## 6) মানবিক কারণ

কোনো নির্দিষ্ট EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার ক্ষেত্রে মানবিক কারণ থাকতে পারে। এটি নিম্নলিখিত কারণগুলির উপর ভিত্তি করে করা যেতে পারে:

- পারিবারিক বিবেচনা
- সামাজিক বিবেচনা
- সাংস্কৃতিক বিবেচনা।

উপরের কারণগুলির জন্য অন্য একটি EU+ দেশকে তোমার আবেদন পরীক্ষা করার জন্য অনুরোধ করা যেতে পারে তবে চূড়ান্ত সিদ্ধান্ত সেই দেশের কর্তৃপক্ষের উপর নির্ভর করবে।

## কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে তা বোঝার জন্য তোমার সাক্ষাৎকার নেওয়া হতে পারে

তুমি যদি প্রথমবার আশ্রয়ের জন্য আবেদন করো, তাহলে কর্তৃপক্ষের উচিত হবে ব্যক্তিগত সাক্ষাৎকারের ব্যবস্থা করা।

**গুরুত্বপূর্ণ!** এটি একটি আশ্রয় সাক্ষাৎকার হবে না। কোন EU+ দেশে তোমার আবেদন পরীক্ষা করা ভালো হবে তা নির্ধারণ করা সাক্ষাৎকারের লক্ষ্য।

**এই সাক্ষাৎকারের চারটি প্রধান উদ্দেশ্য রয়েছে:**

- এমন তথ্য সংগ্রহ করা যা কর্তৃপক্ষকে দায়িত্বপ্রাপ্ত EU+ দেশের বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করবে
- দায়িত্বপ্রাপ্ত EU+ দেশ নির্ধারণের পদ্ধতিটি কীভাবে সম্পাদিত হয় সে সম্পর্কে তোমাকে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করতে দেওয়ার জন্য
- এই পুস্তিকায় দেওয়া তথ্য সম্পর্কে তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে দেওয়ার জন্য
- তোমাকে জিজ্ঞাসা করার জন্য যে তোমায় অন্য EU+ দেশে স্থানান্তরিত করা উচিত নয় এমন কোনো কারণ আছে কিনা বা কেন তোমাকে এই দেশে থাকার অনুমতি দেওয়া উচিত।

সাক্ষাৎকারটি এমন একটি ভাষায় হবে যা তুমি ভালো বোঝো । স্টেট প্রদত্ত দোভাষী আপনাকে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে সহায়তা করতে পারেন।



তোমার দেওয়া কোনো তথ্যই তোমার দেশের সরকার বা কর্তৃপক্ষকে জানানো হবে না।

সাক্ষাৎকারের সময় যদি কিছু স্পষ্ট না হয়, তাহলে তুমি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারো । তুমি এবং অফিসার উভয়ের জন্যই সবকিছু বোঝা গুরুত্বপূর্ণ, তাই যে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করাকে সবসময় উৎসাহিত করা হয়।



সাক্ষাৎকারের অডিও রেকর্ড করা হবে এবং যা বলা হয়েছে তার একটি লিখিত সারাংশ তোমাকে দেখানো হবে।

যদি, তোমার ব্যক্তিগত সাক্ষাৎকারের লিখিত সারাংশ পাওয়ার পরে, তুমি মনে করো যে কোনো তথ্য ভুল এবং তুমি সেটি সংশোধন করতে চাও, তুমি তা করার জন্য অনুরোধ করতে পারো।

ইন্টারভিউ চলাকালীন, এই অনুরোধ জমা দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে আপনাকে জানিয়ে দেওয়া হবে।

প্রয়োজনে, সাক্ষাৎকারের পরেও তুমি অতিরিক্ত নথিপত্র জমা করতে পারো অথবা কেন তোমাকে অন্য কোনো EU+ দেশে স্থানান্তর করা উচিত নয় তার কারণ জানাতে পারো।

যদি তোমার কাছে তারপরেও এমন কোনো তথ্য বা নথি থাকে যা তুমি তখনো জমা দাওনি, তাহলে তোমাকে অবশ্যই কর্তৃপক্ষের কাছে সেগুলি জমা দিতে হবে।

ইন্টারভিউ চলাকালীন আপনাকে অতিরিক্ত তথ্য জমা দেওয়ার প্রক্রিয়ার ব্যাপারে তথ্য জানিয়ে দেওয়া হবে।

## সাক্ষাৎকার কি সবসময় নেওয়া হয়?

তুমি যদি প্রথমবার আশ্রয়ের জন্য আবেদন করো তাহলে কর্তৃপক্ষ ব্যক্তিগত সাক্ষাৎকার না নেওয়ার সিদ্ধান্ত নিতে পারে যদি:

- তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত EU+ দেশ ইতিমধ্যেই নির্ধারণ হয়ে থাকে
- তোমার আবেদন পরীক্ষা করার জন্য কোন EU+ দেশ দায়িত্বপ্রাপ্ত তা নির্ধারণ করার জন্য তাদের কাছে ইতিমধ্যেই যথেষ্ট তথ্য রয়েছে
- আগে নির্ধারিত কোনো সাক্ষাৎকারে তুমি কেন উপস্থিত হতে পারোনি তা কর্তৃপক্ষকে না জানিয়ে যদি অনুপস্থিত থাকো
- তুমি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ বজায় রাখতে ব্যর্থ হলে।

যদি কোনো সাক্ষাৎকারের আয়োজন না করা হয়, তাহলে তুমি সেটির জন্য অনুরোধ করতে পারো। যদি অফিসাররা মনে করেন যে তোমার মামলা পরিচালনা করার জন্য তাদের কাছে ইতিমধ্যেই পর্যাপ্ত তথ্য আছে, তাহলে তারা এই অনুরোধটি প্রত্যাখ্যান করতে পারেন তবে তাদের সাক্ষাৎকার না নেওয়ার কারণ অবশ্যই জানাতে হবে।

ইন্টারভিউয়ের অনুরোধ করার জন্য, আপনাকে নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের দপ্তরে অবশ্যই অতিরিক্ত সমস্ত তথ্য জমা দিতে হবে, যেগুলি দেখে কর্তৃপক্ষ ব্যক্তিগত ইন্টারভিউয়ের প্রয়োজন বিবেচনা করতে পারে।

## অন্য EU+ দেশে তোমার পরিবার আছে তা প্রমাণ করার জন্য তুমি কী প্রমাণ দিতে পারো?

তোমার পরিবারের সদস্যদের তথ্য প্রদানের সর্বোত্তম উপায় হল '**ফ্যামিলি ট্রেসিং টেমপ্লেট**' ফর্মটি পূরণ করা।

এগুলি ছাড়াও, তোমার সম্পর্ক প্রমাণ করতে পারে এমন কোনো সরকারী নথি প্রদান করো। তুমি অন্যান্য ধরনের প্রমাণও প্রদান করতে পারো, উদাহরণ স্বরূপ এমন প্রমাণ যে তুমি তোমার পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ রেখেছ যেমন ফটো, ইমেইল বা টেক্সট বার্তা।



যদি তোমার সম্পর্কের বিষয়ে তোমার কাছে কোনো প্রমাণ না থাকে, তাহলে কর্তৃপক্ষ তোমাকে ডিএনএ পরীক্ষা করতে বলতে পারে এটা প্রমাণ করার জন্য যে তুমি সম্পর্কযুক্ত।

তুমি শুধুমাত্র তোমার পরিবারের সদস্যদের সাথে পুনরায় মিলিত হতে পারো যদি তোমরা উভয়েই লিখিতভাবে ঘোষণা করো যে তোমরা পুনরায় মিলিত হতে চাও। তুমি যদি পারো এই নথিটি ইংরেজিতে জমা দেওয়ার চেষ্টা করো।

যত তাড়াতাড়ি সম্ভব এই তথ্য প্রস্তুত করা শুরু করো।



পারিবারিক পুনর্মিলন পদ্ধতি সম্পর্কে তোমার যদি আরও প্রশ্ন থাকে বা পরামর্শ দরকার হয়, তুমি একজন আইনি পরামর্শদাতার কাছে সাহায্য চাইতে পারো।

তোমার যদি অন্য EU+ দেশে কোনো পরিবারের সদস্য থাকে কিন্তু তুমি তাদের সাথে যোগাযোগ হারিয়ে ফেলো, তাহলে এমন সংস্থা আছে যারা তোমাকে তাদের খুঁজে পেতে সাহায্য করতে পারে।

তুমি নীচের তথ্য ব্যবহার করা করে এই সংস্থাগুলির সাথে যোগাযোগ করতে পারো:

**লাতভিয়ান রেড ক্রস |** www.redcross.lv

## পদ্ধতিটি কত সময় নেবে?



দেশগুলির মধ্যে যোগাযোগ হতে সাধারণত **1 থেকে দেড় মাস** থেকে **3 মাস** সময় লাগে, তবে এটি তোমার ক্ষেত্রে নির্ভর করে **আরও সময় নিতে পারে**



যদি অন্য EU+ দেশ নিশ্চিত করে যে তারা তোমার আবেদন পরীক্ষা করবে, তোমাকে স্থানান্তর করা হবে, তারা তোমাকে স্থানান্তর করার অনুরোধ গ্রহণ করার পর থেকে **6 মাসের মধ্যে**।





অন্য EU+ দেশে তোমার পরিবারের সদস্য থাকার কারণে যদি অনুরোধ করা হয়, তাহলে স্থানান্তরটি **অগ্রাধিকারের সাথে বিবেচনা করা হবে**



তুমি যদি বর্তমানে **আটক থাকো বা ভবিষ্যতে আটক হও**, তাহলে তোমার মামলা **অগ্রাধিকারের সাথে বিবেচনা করা হবে**। তোমার স্থানান্তর **5 সপ্তাহের** মধ্যে সংগঠিত করা উচিত হবে। যদি ট্রান্সফার 5 সপ্তাহের মধ্যে করা না হয়, তোমাকে ডিটেনশন থেকে মুক্তি দেওয়া হবে। যাইহোক, তোমার স্থানান্তরের ব্যবস্থা করা হবে **6 মাসের মধ্যে** যে তারিখ থেকে কোন EU+ দেশ তোমার আবেদনটি গৃহীত হয়েছে তা পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত হবে তখন থেকে।

তুমি যদি অপরাধ করার জন্য কারাগারে থাকো, তাহলে স্থানান্তরের সময়সীমা **সর্বোচ্চ 1 বছর পর্যন্ত বৃদ্ধি** হতে পারে।




**গুরুত্বপূর্ণ** যদি তুমি কোথাও চলে যাও, স্থানান্তর সংস্থার কর্তৃপক্ষের কাছ থেকে লুকাও বা সহযোগিতা না করো, **তাহলে স্থানান্তরের সময়সীমা সর্বোচ্চ 3 বছর পর্যন্ত বাড়ানো যেতে পারে**।

## তুমি যদি ইতিমধ্যে অন্য EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করে থাকো?

তুমি শুধুমাত্র একটি EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করতে পারবে। তুমি যদি ইতিমধ্যে অন্য EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করে থাকো, তাহলে তোমাকে সেই EU+ দেশে ফেরত পাঠানো হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত ।

তোমার আবেদন পরীক্ষা করার জন্য কোন EU+ দেশ দায়বদ্ধ তা দেখানোর জন্য তথ্য থাকলে, সেই দেশে একটি বিজ্ঞপ্তি পাঠানো হবে। যদি সেই EU+ দেশটি নিশ্চিত করে যে সেটি তোমার আবেদন পরীক্ষা করবে, তাহলে তোমাকে একটি **স্থানান্তর সিদ্ধান্ত** প্রদান করা হবে যে তুমি কোন EU+ দেশে স্থানান্তরিত হবে।

যদি তুমি আন্তর্জাতিক সুরক্ষার জন্য প্রথমবার আবেদন না করে থাকো, অথবা ইতিমধ্যেই সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে যে অন্য কোনো EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, তাহলে কর্তৃপক্ষ তোমার ব্যক্তিগত সাক্ষাৎকার নাও নিতে পারে।

তবে, কেন তোমাকে সেই দেশে স্থানান্তর করা উচিত নয় বা কেন তোমাকে এই দেশে থাকার অনুমতি দেওয়া উচিত তা ব্যাখ্যা করার সুযোগ তোমার থাকবে।

তুমি নিচে দেখতে পারো কীভাবে এই তথ্য প্রদান করতে হবে:

- আপনাকে নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের দপ্তরে লিখিত কারণসহ ব্যাখ্যা দিতে হবে যে, কেন আপনাকে অন্য ইউরোপিয়ান ইউনিয়ন (EU+)-এর দেশে স্থানান্তরিত করা অনুচিত এবং কেন এই দেশেই আপনাকে থাকার অনুমতি দেওয়া উচিত।

## একবার সিদ্ধান্ত নেওয়া হলে কী হবে?

যদি তোমাকে অন্য EU+ দেশে স্থানান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়, তোমার কিছু অধিকার বাতিল করা হবে, উদাহরণস্বরূপ:

- তুমি **অনেক পরিষেবা এবং সহায়তা পাবে না**
- তুমি আর কাজ করতে বা কোর্সে অংশ নিতে **পারবে না।**





কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত তা নিশ্চিত বা গৃহীত হওয়ার তারিখ থেকে 6 মাসের মধ্যে স্থানান্তর সম্পন্ন করা উচিত।

যদি তোমাকে আটক করা হয়, তোমার মামলাটি জরুরী ভিত্তিতে বিবেচনা করা হবে। তোমার স্থানান্তর 5 সপ্তাহের মধ্যে আয়োজন করা উচিত। যদি ট্রান্সফার 5 সপ্তাহের মধ্যে করা না হয়, তোমাকে ডিটেনশন থেকে মুক্তি দেওয়া হবে।

যে তারিখ থেকে কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত তা নিশ্চিত বা গৃহীত হয় তার 6 মাসের মধ্যে তোমার স্থানান্তরের ব্যবস্থা করা হবে।

তুমি যদি অপরাধ করার জন্য কারাগারে থাকো তবে স্থানান্তরের সময়সীমা সর্বোচ্চ 1 বছর পর্যন্ত বাড়ানো যেতে পারে।

**গুরুত্বপূর্ণ!** তুমি যদি পালিয়ে যাও বা কর্তৃপক্ষকে সহযোগিতা না করো, **স্থানান্তরের সময়সীমা সর্বোচ্চ 3 বছর পর্যন্ত বাড়ানো যেতে পারে।**

## যদি তুমি স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হও, কি হবে?



যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে অন্য EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, তুমি একটি **স্থানান্তরের সিদ্ধান্ত**পাবে। এই সিদ্ধান্তে তোমাকে জানানো হবে কোন দেশে তোমাকে স্থানান্তর করা হবে।

যদি তুমি স্থানান্তরের সিদ্ধান্তের সাথে একমত না হও, তুমি তোমার কারণ আদালতে জানাতে পারো। একে আপিল বলা হয়। যখন তুমি কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবে, আদালত বা ট্রাইব্যুনাল চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

স্থানান্তরের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার মাত্র তিনটি কারণ আছে:

- যদি তুমি দাবি করো যে ঐ নির্দিষ্ট EU+ দেশটিতে স্থানান্তর করলে তোমার মানবাধিকার লঙ্ঘিত হবে।
- স্থানান্তর করার সিদ্ধান্তের সময় পাওয়া যায়নি এমন নতুন তথ্য যা সেই সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে।
- তোমার অন্য কোনো EU+ দেশে পরিবার আছে যাদের সাথে তোমাকে মিলিত হতে দেওয়া উচিত।




যদি তোমার নিজস্ব আইনি উপদেষ্টা নিয়োগের সামর্থ্য না থাকে, তাহলে আপিলের ক্ষেত্রে তোমাকে বিনামূল্যে সাহায্য করার জন্য একজন আইনি উপদেষ্টা প্রদান করা হবে।

পুরো প্রক্রিয়া চলাকালীন তোমাকে একজন দোভাষীর দ্বারা সহায়তা করা হবে যিনি এমন ভাষায় কথা বলবেন যা তুমি বুঝতে পারো।

## যখন সাসপেনসিভ এফেক্ট এবং সাবস্ট্যান্টিভ আপিল একসাথে থাকে, তখন আপিল সম্পর্কে যা জানা দরকার

তোমাকে দেওয়া স্থানান্তরের সিদ্ধান্তে ব্যাখ্যা করা হবে কত সময়ের মধ্যে, কোথায় এবং কীভাবে আপিল করতে হবে।

তোমাকে ব্যাখ্যা দিতে হবে কেন তুমি অন্য কোনো EU+ দেশে স্থানান্তর করার সিদ্ধান্তের সাথে একমত না।

তোমার আপিল চলাকালীন সময়ে, তোমাকে এও ব্যাখ্যা দিতে হবে কেন তোমাকে সেই EU+ দেশে স্থানান্তর করা উচিত নয়, যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত ।

**1 মাসের** মধ্যে তোমার আপিল চলাকালীন তুমি এই দেশে আপিলের ফলাফলের জন্য অপেক্ষা করতে পারো কিনা তা আদালত প্রথমে সিদ্ধান্ত নেবে। এটাকে বলা হয় সাসপেনসিভ এফেক্টের উপর আপিল।

যদি আদালত ঠিক করে যে তুমি এই দেশে আপিলের ফলাফলের জন্য অপেক্ষা করতে পারবে না, তাহলে তোমাকে সেই EU+ দেশে স্থানান্তর করা হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, আপিল চলাকালীন সময়ে।

যদি আদালত ঠিক করে যে তোমাকে এই দেশে থাকতে দেওয়া উচিত আপিল চলাকালীন সময়ে, তাহলে আদালত চেষ্টা করবে 1 মাসের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত দিতে যে তোমাকে সেই EU+ দেশে স্থানান্তর করা উচিত কিনা যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, সাসপেনসিভ এফেক্টের সিদ্ধান্তের তারিখ থেকে।

যদি তোমার আপিল গ্রহণ না হয়, তোমাকে সেই EU+ দেশে স্থানান্তর করা হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত। স্থানান্তর করার চূড়ান্ত সিদ্ধান্তের তারিখ থেকে 6 মাসের মধ্যে সেটি হওয়া উচিত।

যদি তুমি বর্তমানে ডিটেনশন এ থাকো বা ভবিষ্যতে ডিটেনশন করা হয়, তোমার কেস জরুরি ভিত্তিতে প্রক্রিয়াকরণ করা হবে। তোমার ট্রান্সফার 5 সপ্তাহের মধ্যে আয়োজন করা উচিত। যদি ট্রান্সফার 5 সপ্তাহের মধ্যে করা না হয়, তোমাকে ডিটেনশন থেকে মুক্তি দেওয়া হবে। তবুও, তোমার স্থানান্তর 6 মাসের মধ্যে আয়োজন করা হবে সেই তারিখ থেকে যখন সেই EU+ দেশ যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, স্থানান্তর করার অনুরোধ গ্রহণ করবে ।

**গুরুত্বপূর্ণ!** তোমাকে কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে হবে এবং সেই EU+ দেশে যাত্রা করতে হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

## কী কী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে?



যে EU+ দেশে তুমি আছো সেখানে অফিসাররা কিছু তথ্য সংগ্রহ করবে, যার মধ্যে নিচেরগুলো থাকবে:

- তোমার ব্যক্তিগত তথ্য এবং যারা তোমার সঙ্গে ভ্রমণ করছে তাদের তথ্য (নাম, জাতীয়তা, জন্ম তারিখ এবং জন্মস্থান)। যদি আগে তুমি ভিন্ন নাম বা তথ্য ব্যবহার করে থাকো, তারা সেই সম্পর্কে তোমার কাছে জিজ্ঞেস করবে।
- তোমার পরিচয় এবং ভ্রমণ নথি সম্পর্কিত তথ্য।
- অন্যান্য কোনো তথ্য যা তোমার পরিচয় নিশ্চিত করতে পারে, যেমন তোমার আঙ্গুলের ছাপ।
- যে কোনো পরিবারের সদস্যদের সম্পর্কে তথ্য যারা অন্য কোনো EU+ দেশে থাকে, যেমন তাদের ব্যক্তিগত তথ্য, শেষবার কখন যোগাযোগ করেছিলে, তাদের অবস্থান এবং তাদের আইনি স্থিতি।
- যদি প্রযোজ্য হয়, তোমার কাছে থাকা কোনো নথির বিবরণ যা তোমাকে EU+ দেশে থাকার অনুমতি দিয়েছে।
- যে নথিগুলো দেখায় তুমি EU+ দেশে এক বছরের বেশি সময় পড়াশোনা করেছো, সেসবের তথ্য।
- তুমি কোন কোন দেশের মধ্য দিয়ে এই দেশে পৌঁছেছো, তার তথ্য।
- তোমার ব্যক্তিগত পরিস্থিতি।
- পূর্বের আন্তর্জাতিক সুরক্ষার যে কোনো আবেদনের তারিখ এবং সেই আবেদনের ফলাফল।

## তোমার ব্যক্তিগত তথ্যের ক্ষেত্রে তোমার অধিকার কী থাকবে?

তোমার অধিকার আছে যে তুমি কর্তৃপক্ষকে দেওয়া যেকোনো তথ্য দেখতে পারো।

যদি তুমি মনে করো তোমার কোনো ব্যক্তিগত তথ্য সঠিক নয় বা আইনমতো প্রক্রিয়াকরণ করা হয়নি, তাহলে তুমি ডেটা কন্ট্রোলারের সঙ্গে যোগাযোগ করে নিজের ব্যক্তিগত তথ্য দেখার অনুরোধ করতে পারো, ভুল তথ্য সংশোধন করার বা আইনবিরুদ্ধ ভাবে প্রক্রিয়াকৃত তথ্য মুছে দেওয়ার জন্য অনুরোধ করতে পারো ।

তুমি এই দেশের ডেটা কন্ট্রোলারের সঙ্গে নিচের তথ্য ব্যবহার করে যোগাযোগ করতে পারো।

**স্টেট বর্ডার গার্ড |** [www.rs.gov.lv](www.rs.gov.lv)

**নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের দপ্তর |** [www.pmlp.gov.lv](www.pmlp.gov.lv)

এই পুস্তিকাটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপাদানের মূল অংশ প্রদান করেছে, এবং এই পুস্তিকাটির পুনরুৎপাদন এবং পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলির জন্য EUAA দ্বারা অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই পুস্তিকায় অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। এই পুস্তিকায় প্রাপ্ত তথ্য ব্যবহারের জন্য EUAA বা EUAA-এর পক্ষে কর্মরত কোনও ব্যক্তি দায়ী নন।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025